আষাঢ়সন্ধ্যা ঘনিয়ে এল, গেল রে দিন বয়ে ।
বাঁধন-হারা বৃষ্টিধারা ঝরছে রয়ে রয়ে ॥
    একলা বসে ঘরের কোণে    কী ভাবি যে আপন-মনে,
    সজল হাওয়া যূথীর বনে    কী কথা যায় কয়ে ॥
হৃদয়ে আজ ঢেউ দিয়েছে, খুঁজে না পাই কূল;
সৌরভে প্রাণ কাঁদিয়ে তোলে ভিজে বনের ফুল ।
    আঁধার রাতে প্রহরগুলি    কোন্ সুরে আজ ভরিয়ে তুলি,
    কোন্ ভুলে আজ সকল ভুলি    আছি আকুল হয়ে ॥

---

Parjaay: Prakriti / Borsha, Taal: Ektaal (3-3), Raag: Iman Kalyan
Visit www.geetabitan.com for notation and other detail